

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি)  
Website: www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.২২০.০০.০৬৬.১১- ৮০(৭৫)


৩১ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ  
তারিখঃ -----  
১৪ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি) কর্তৃক পরিচালিত ওয়েব মেইল এবং গ্রুপ-মেইল-এর ব্যবহার প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র(পিএসিসি) কর্তৃক পরিচালিত ওয়েব মেইল এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক, সকল অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদের ই-মেইল সেবা পরিচালনা করা হয়। সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর তৃতীয় অধ্যায় ১৫(৩)-এ বর্ণিত সরকারি যোগাযোগের ক্ষেত্রে ই-মেইলের ব্যবহার সম্প্রসারণ এবং বিজ্ঞপ্তি, সার্কুলার ও চিঠিপত্রসমূহের কপি সাধারণ ডাকে প্রেরণের পাশাপাশি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করিতে হইবে মর্মে নির্দেশনা থাকা সত্ত্বেও কোন কোন ব্যবহারকারী তাঁদের জন্য বরাদ্দকৃত ই-মেইল যথাযথ ব্যবহার করছেন না। ফলে তাঁদের ই-মেইল বক্স পরিপূর্ণ হয়ে যাওয়ায় পরবর্তীতে কোন প্রেরক তাঁর বরাবর ই-মেইল প্রেরণ করতে পারছেন না। তাছাড়া অনেক কর্মকর্তা এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে বদলী হলে তিনি পাসওয়ার্ড হস্তান্তর না করায় পরবর্তী কর্মকর্তা ই-মেইল ব্যবহার করতে পারছেন না। এসমস্ত কারণে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা ব্যহত হচ্ছে। এখানে উল্লেখ্য যে, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য দপ্তর প্রায়শঃই তথ্যাদি প্রেরণের ক্ষেত্রে বর্ণিত মেইল এবং গ্রুপ মেইল ব্যবহার করে থাকে।

২। বর্ণিত প্রেক্ষিতে, অফিসিয়াল ই-মেইল-এর সঠিক ব্যবহার কল্পে প্রতিদিন ই-মেইল চেক করা, ইনবক্সের অপ্রয়োজনীয় মেইলগুলো মুছে ফেলার সাথে সাথে Trash এবং Junk-এ মেইলগুলো মুছে ফেলতে হবে এবং বদলী হওয়া কর্মকর্তা নবাগত কর্মকর্তাকে পাসওয়ার্ড হস্তান্তরের বিষয়টি নিশ্চিতকরণসহ আপনার নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল ই-মেইল ব্যবহারকারীদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। তাছাড়া ব্যবহারকারীদের তাঁদের পাসওয়ার্ডের গোপনীয়তা, পরিবর্তন ও সংরক্ষণ করার যথাযথ নির্দেশনা প্রদান করার জন্যও অনুরোধ করা হলো। উল্লেখ্য, ই-মেইল ব্যবহারকারীগণ যদি ই-মেইল ব্যবহারের ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হন তাহলে শুধুমাত্র সংশ্লিষ্ট ই-মেইল ব্যবহারকারী তাঁর নিজ পরিচয় (পদবী, পরিচিতি নম্বর, মোবাইল নম্বর) প্রদান করে pacc@mopa.gov.bd-তে মেইল করতে পারেন এবং প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করে সেবা নিতে পারেন।

০৩। বিষয়টি অতি জরুরী ও গুরুত্বপূর্ণ।

  
(মোঃ মোছলেহ উদ্দিন)  
সিনিয়র সিস্টেমস এনালিস্ট  
ফোনঃ ৯৫৪০৪৮৫  
ssa@mopa.gov.bd

- ১। বিভাগীয় কমিশনার (সকল)  
.....বিভাগ।
- ২। জেলা প্রশাসক (সকল)  
.....জেলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সহকারী প্রোগ্রামার, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (পিএসিসি) মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত কর্মকর্তা জনপ্রশাসন মন্ত্রণালয়।